

## সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২০১৩

৯/ বিবাহ (النِكَاح)

পরিচ্ছেদঃ ৯/৬২. যে স্ত্রী তার স্বামীকে কষ্ট দেয়।

بَابِ فِي الْمَرْأَةِ تُؤْذِي زَوْجَهَا

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا مُؤْمَلٌ حَدَّثَنَا سُفِيَّانُ عَنْ الْأَعْمَشِ عَنْ سَالِمِ بْنِ أَبِي الْجَعْدِ عَنْ أَبِي أُمَامَةَ قَالَ أَتَتِ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ امْرَأَةً مَعَهَا صَبِيَّانِ لَهَا قَدْ حَمَلَتْ أَحَدَهُمَا وَهِيَ تَقُودُ الْأَخْرَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَامِلَاتُ وَالدَّاتُ رَحِيمَاتُ لَوْلَا مَا يَأْتِينَ إِلَى أَزْوَاجِهِنَّ دَخَلَ مُصَلِّيَاتُهُنَّ الْجَنَّةَ

বাংলা

১/২০১৩। আবু উমামাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, এক মহিলা তার দু'টি সন্তানসহ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট আসে। সে একটি সন্তানকে কোলে এবং অপরটিকে হাতে ধরে নিয়ে আসে। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ গর্ভধারিণী (বহনকারিণী), সন্তান জন্মদানকারিণী এবং মমতাময়ী বা তারা তাদের স্বামীদের কষ্ট না দিলে তাদের মধ্যে যারা সালাতী তারা জানাতে যাবে।

## English

It was narrated that Abu Umamah said:

"A woman came to the Prophet with two of her children, carrying one and leading the other. The Messenger of Allah said: 'They carry children and give birth to them and are compassionate. If they do not annoy their husbands, those among them who perform prayer will enter Paradise.'"

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। রওয়ুল নায়ির ৯০৫।

তাহকীক আলবানীঃ যঙ্গফ। উক্ত হাদিসের রাবী মুআম্মাল (বিন ইসমাইল) সম্পর্কে ইয়াহইয়া বিন মাটিন ও

ইসহাক বিন রাহওয়ায় বলেন, তিনি সিকাহ। মুহাম্মাদ বিন সাউদ বলেন, তিনি সিকাহ কিন্তু হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। ইবনু হিরোন বলেন, তিনি সিকাহ কিন্তু হাদিস বর্ণনায় কখনো কখনো ভুল করে। আস-সাজী বলেন, তিনি সত্যবাদী কিন্তু হাদিস অধিক ভুল ও সন্দেহ করেন। ইবনু কানি' বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল করেন। (তাহবীবুল কামালঃ রাবী নং ৬৩১৯, ২৯/১৭৬ নং পৃষ্ঠা) তাছাড়া উক্ত হাদিসের সানাদে সালিম বিন আবুল জাদ ও আবু উমামাহ (রাঃ) এর মাঝে ইনকিতা হয়েছে।

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু উমামাহ বাহলী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=32975>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন